# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
### Bengali Text Bulletin

**Date 12-10-2025 Time: 1.30 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) সেশেলসের রাষ্ট্রপতি নির্বাচনে জয়ী হয়েছেন, ডক্টর প্যাট্রিক হারমিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অভিনন্দন।

২) কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দ আজ ভারত সফরে আসছেন।

৩) বিজেপি, রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনের জন্য জম্মু-কাশ্মীরের তিন প্রার্থীর নাম ঘোষণা করেছে।

৪) মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প আজ এক কূটনৈতিক সফরে ইজরায়েল ও মিশর যাচ্ছেন।

৫) চীন তাদের পণ্যের ওপর একশো শতাংশ হারে শুল্ক ধার্য করার মার্কিন সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেছে।

৬) মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপে ভারত আজ, বিশাখাপত্তনমে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।

---

ভারত মহাসাগরীয় দ্বীপ রাষ্ট্র, সেশেল্‌সের রাষ্ট্রপতি নির্বাচনে ডঃ প্যাট্রিক হারমিনী জয় লাভ করেছেন। তিনি, বর্তমান রাষ্ট্রপতি, ওয়াভেল রামকালাওয়ান-কে রান-অফ

ভোটে পরাজিত করেছেন। এই পর্যায়ে হারমিনী ৫২ দশমিক ৭ শতাংশ এবং তাঁর প্রতিদ্বন্দ্বী রামকালাওয়ান ৪৭ দশমিক ৩ শতাংশ ভোট পেয়েছেন। ডঃ হারমিনী ইউনাইটেড সেশেলস পার্টির প্রতিনিধি হিসেবে জয় পেয়েছেন। গত মাসে সে দেশের সাধারণ নির্বাচনে এই দলটি আইন সভায় সংখ্যা গরিষ্ঠতা পেয়েছে। এবারের নির্বাচনের আগে, হারমিনী ২০০৭ থেকে ২০১৬ সাল পর্যন্ত আইন সভার স্পিকার হিসেবে কাজ করেছেন। ২০২৩ সালে তাঁকে কালা জাদুর অভিযোগে গ্রেপ্তার করা হয়েছিলো।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সেশেলসের রাষ্ট্রপতি নির্বাচনে জয়লাভের জন্য ডক্টর প্যাট্রিক হারমিনি-কে অভিনন্দন জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেছেন, রাষ্ট্রপতি হিসাবে ডক্টর হারমিনির মেয়াদকালে দুদেশের মধ্যে সম্পর্ক গভীর হবে এবং এই সম্পর্কে আরও গতি সঞ্চারিত হবে। তিনি বলেছেন, আশা করা যায়, দুদেশের মধ্যেকার চিরাচরিত ঐতিহ্য হিসাবে ভারত মহাসাগর দুদেশের মানুষের আশা আকাঙ্খা পূরণে সহায়ক হয়ে উঠবে।

---------------------

কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দ আজ ভারত সফরে আসছেন। সফরকালে, তিনি দু'দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য, শক্তি এবং নিরাপত্তা সহযোগিতা নিয়ে বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর এবং বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েলের সঙ্গে বৈঠক করবেন। এরপর মুম্বইয়ে, বিনিয়োগ এবং কর্মসংস্থান বিষয়ে বিভিন্ন ব্যবসায়িক গোষ্ঠীর শীর্ষ নেতৃত্বের সঙ্গেও বৈঠকে অংশ নেবেন তিনি।

ভারত-কানাডা সম্পর্ক, পারস্পরিক কূটনৈতিক জটিলতা কাটিয়ে পুনরায় সুস্থিত করার প্রেক্ষিতে তাঁর এই সফর। মন্ত্রীর সফরে, কানাডার ভারত-প্রশান্ত মহাসাগরীয় কৌশলগত পরিকল্পনার অঙ্গ হিসেবে দু'দেশের দ্বিপাক্ষিক সম্পর্ক আরও মজবুত হবে বলে মনে করা হচ্ছে।

ভারত সফর শেষে, কানাডার বিদেশমন্ত্রী সিঙ্গাপুর এবং চীন সফর করবেন। সিঙ্গাপুরে, অনিতা আনন্দ দক্ষিণ-পূর্ব এশিয়ার অন্যতম গুরুত্বপূর্ণ অংশীদার রাষ্ট্রের সঙ্গে কানাডার দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার জন্য সে-দেশের বিদেশমন্ত্রী ভিভিয়ান বালাকৃষ্ণনের সঙ্গে দেখা করবেন। চীনে, আনন্দ সে-দেশের বিদেশমন্ত্রী এবং সেন্ট্রাল কমিশন ফর ফরেন অ্যাফেয়ার্সের ডিরেক্টর ওয়াং ইয়ির সঙ্গে সাক্ষাৎ করবেন।

----------------------

মঙ্গোলিয়ার প্রেসিডেন্ট খুরেলুখ উখনা, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আমন্ত্রণে আগামীকাল থেকে চার দিনের সরকারি সফরে ভারতে আসছেন। রাষ্ট্রপতি হিসেবে এটি তাঁর প্রথম ভারত সফর। বেশ কয়েকজন মন্ত্রী, সাংসদ, ঊর্ধ্বতন আধিকারিক, ব্যবসায়ী এবং সাংস্কৃতিক প্রতিনিধি সহ একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধিদল তাঁর সফরসঙ্গী হবেন।

বিদেশ মন্ত্রক জানিয়েছে, রাষ্ট্রপতি মুর্মু, প্রেসিডেন্ট উখনার সম্মানে একটি নৈশভোজের আয়োজন করবেন। উখনা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে ভারত-মঙ্গোলিয়া দ্বিপাক্ষিক সম্পর্কের পরিসরগুলি বিস্তৃতভাবে পর্যালোচনা করবেন। সফরকালে তিনি, উপ-রাষ্ট্রপতি সি.পি. রাধাকৃষ্ণণ, প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং এবং বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্করের সঙ্গেও সাক্ষাৎ করবেন বলে মনে করা হচ্ছে। আলোচনায় দু'দেশের

দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি, কৌশলগত অংশিদারিত্ব, বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয় উঠে আসার সম্ভাবনা রয়েছে বলে মন্ত্রক জানিয়েছে।

---------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লীতে দেশের কৃষক, মতসজীবি ও কৃষিক্ষেত্রে কর্মরত মহিলাদের সঙ্গে কথা বলেছেন। কৃষির বিকাশের লক্ষে আয়োজিত এক অনুষ্ঠানের পর, প্রধানমন্ত্রী কৃষকদের নানান অভিজ্ঞতার কথা শোনেন। এছাড়াও, তিনি কৃষিক্ষেত্রের উন্নয়নে তাঁর মতামত কৃষক ও মতসজীবিদের সঙ্গে ভাগ করে নেন। তিনি কৃষকদের কিছু পরামর্শ দেন।

বাইট মোদী

---------------------

ভারতীয় জনতা পার্টী রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনের জন্য জম্মু-কাশ্মীরের তিন প্রার্থীর নাম ঘোষণা করেছে। এঁরা হলেন, গুলাম  মহম্মদ মীর, রাকেশ মহাজন এবং সতপাল শর্মা। আগামী ২৪ শে অক্টোবর ওই কেন্দ্রশাসিত অঞ্চলের রাজ্যসভার চারটি আসনের  জন্য ভোটগ্রহণ করা হবে।

---------------------

বিহার বিধানসভার নির্বাচনের আগে এন ডি এ আজ জোটের দলগুলি আসন বন্টন চূড়ান্ত করতে পারে। বিজেপি, জনতা দল ইউনাইটেড, লোক জনশক্তি পার্টি রামবিলাস, হিন্দুস্তানি আওয়াম মোর্চা এবং রাষ্ট্রীয় লোক মোর্চার শীর্ষ নেতৃত্ব আসন রফা চূড়ান্ত করতে বর্তমানে দিল্লীতে রয়েছেন। বৈঠকের পর, আজই এ-সংক্রান্ত ঘোষণা হতে পারে।

এদিকে, বিহারের বিজেপি সভাপতি ডঃ দিলীপ জয়সওয়াল জানিয়েছেন, গতকাল আলোচনায় আসন বন্টনের বিষয়টি মোটামুটি স্থির হলেও জোটসঙ্গী হিন্দুস্তানি আওয়াম মোর্চা এবং রাষ্ট্রীয় লোক মোর্চা আরও বেশি আসনের দাবি জানানোয় বিষয়টি চূড়ান্ত করা যায়নি। জট কাটাতে শীর্ষ বিজেপি নেতৃত্ব দুই দলের প্রধান জিতন রাম মাঝি এবং উপেন্দ্র কুশওয়াহার সঙ্গে পৃথক বৈঠক করেছেন।

শুধু এন ডি এ-ই নয়, বিরোধী মহাজোটও আসন বন্টন নিয়ে জটিলতার সম্মুখীন। মুকেশ সাহানির বিকাশশীল ইনসান পার্টি আরও কয়েকটি আসনের দাবি জানালে কংগ্রেস তার বিরোধিতা করেছে। সাহানি, উপমুখ্যমন্ত্রী পদেরও দাবি জানিয়েছেন বলে খবর। আসন রফা চূড়ান্ত না হওয়ায় বাম দলগুলির মধ্যেও অসন্তোষ রয়েছে। জট কাটাতে আর জে ডি এবং কংগ্রেস পৃথকভাবে বৈঠক করছে। আজ, আর জে ডি নেতা তেজস্বী যাদব, কংগ্রেসের অন্যতম শীর্ষ নেতা রাহুল গান্ধীর সঙ্গে নতুন দিল্লীতে সাক্ষাৎ করতে পারেন বলে খবর। আর জে ডি'র সর্বভারতীয় সভাপতি লালু প্রসাদ যাদবও গতকাল বিষয়টি নিয়ে জরুরি বৈঠক করেছেন।

---------------------

নির্বাচন কমিশন এবার পর্দানশীন বা বোরখা পরিহিত মহিলা ভোটারদের জন্য ভোটকেন্দ্রে বিশেষ ব্যবস্থা করার সিদ্ধান্ত নিয়েছে। কমিশন স্পষ্টভাবে জানিয়েছে, এই শ্রেণির মহিলা ভোটারদের সঠিকভাবে সনাক্তকরণের জন্য প্রতিটি ভোটকেন্দ্রে একজন মহিলা নির্বাচন কর্মী বা সহকারীর উপস্থিতি বাধ্যতামূলক করা হবে। ধর্মীয় আচার ও শালীনতার প্রতি পূর্ণ সম্মান রেখেই এই প্রক্রিয়া সম্পন্ন হবে।

---------------------

রাজমাতা বিজয়রাজে সিন্ধিয়ার জন্মজয়ন্তী উপলক্ষে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ, তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন, সমাজ সেবামূলক কাজে তাঁর অবদান অবিস্মরণীয় হয়ে থাকবে। প্রধানমন্ত্রী বলেছেন, রাজমাতা বিজেপি এবং জনসংঘকে শক্তিশালী করে তোলার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছেন। এছাড়াও তিনি ভারতের সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরা এবং সুরক্ষিত রাখার কাজে নিয়োজিত ছিলেন।

স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন, তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, রাজমাতা বিজেপির সংগঠনকে শক্তিশালী করে তোলা এবং মানুষের মধ্যে এই সংগঠনের জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে কাজ করে গেছেন।

---------------------

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প আজ এক কূটনৈতিক সফরে ইজরায়েল ও মিশর যাচ্ছেন। তেল আভিভে তিনি ইজরায়েলের আইনসভার সদস্যদের উদ্দেশে ভাষণ দেবেন। এ ছাড়াও, তিনি পশ্চিম এশিয়ার গাজা ভূখণ্ডে শান্তি চুক্তি সাক্ষর অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে জানা গেছে। ইজরায়েল ও হামাসের মধ্যে যুদ্ধ বিরতি ঘোষণার পর এই প্রথম মার্কিন রাষ্ট্রপতি ট্রাম্প ওই অঞ্চল সফরে যাচ্ছেন। তাঁর সফরের সময়েই গাজা শান্তি পরিকল্পনার প্রথম পর্যায়টি রুপায়নের কাজ শুরু হয়েছে।

ইজরায়েল সফর শেষে প্রেসিডেন্ট ট্রাম্প মিশরে যাবেন। কায়রোতেই গাজা শান্তি চুক্তির ২১ দফা পরিকল্পনা তৈরি হয়েছিলো। এই পরিকল্পনার মধ্যে হামাস গোষ্ঠীর নিরস্ত্রিকরনের কথাও রয়েছে। আগামীকাল মিশরের শার্‌ম আল শেখে দু'পক্ষের মধ্যে শান্তি চুক্তি সাক্ষরের যে অনুষ্ঠান হওয়ার কথা রয়েছে সেখানে প্রেসিডেন্ট ট্রাম্প ছাড়াও

ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁ, বৃটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার সহ ২০ টি দেশের রাষ্ট্রপ্রধানরা উপস্থিত থাকতে পারেন বলে জানা গেছে।

---------------------

চীন তাদের পণ্যের ওপর ১০০ শতাংশ হারে শুল্ক ধার্য করার মার্কিন সিদ্ধান্তের কঠোর সমালোচনা করেছে। ওয়াশিংটনের এই সিদ্ধান্তকে চিন দু'মুখো বলে অভিহিত করেছে। উল্লেখ্য, পয়লা নভেম্বর থেকে চিনা পণ্যের ওপর ১০০ শতাংশ হারে শুল্ক ধার্য করার কথা ঘোষণা করেছেন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প। চিন তাদের দেশ থেকে দুষ্প্রাপ্য খনিজ পদার্থ রপ্তানির ক্ষেত্রে নয়ুন করে নিয়ন্ত্রণ জারি করার সিদ্ধান্তের জবাবেই মার্কিন যুক্তরাষ্ট্র পাল্টা শুল্ক ধার্য করার ঘোষণা করেছে। এদিকে, চিন বলেছে, তাদের দেশের নিয়মবিধি মেনেই দুষ্প্রাপ্য খনিজ রপ্তানির ওপর নিয়ন্ত্রণ জারি করেছে তারা। সেপ্টেম্বর মাস থেকে চিনের ওপর একাধিক অর্থনৈতিক পদক্ষেপ নেওয়ার জন্য তারা মার্কিন যুক্তরাষ্ট্রের সমালোচনা করেছে।

---------------------

রাষ্ট্রসঙ্ঘের শান্তিরক্ষী বাহিনীতে অংশগ্রহণকারী রাষ্ট্রগুলির সেনাপ্রধানদের এক সম্মেলন আগামী ১৪ ই অক্টোবর নতুন দিল্লীতে শুরু হবে। তিনদিনের এই সম্মেলনে তিরিশটির বেশি দেশের সামরিক প্রধানরা উপস্থিত থাকবেন। এই সম্মেলনে বিশ্বব্যাপী শান্তি রক্ষার কাজে রাষ্ট্রসঙ্ঘ বাহিনীর চ্যালেঞ্জ ও প্রস্তুতি নিয়ে মতবিনিময় হবে। রাষ্ট্রসঙ্ঘ শান্তিরক্ষী বাহিনীর অবর মহাসচিব জ্যা পিয়ের ল্যাক্রোইক্স এক বার্তায় বলেছেন, রাষ্ট্রসঙ্ঘ বিশ্ব শান্তি রক্ষায় কাজ চালিয়ে যাবে।

---------------------

জাতীয় নিরাপত্তা রক্ষীবাহিনী, NSG-র ২৬টি বিশেষ গোষ্ঠী আজ মুম্বাইয়ে প্রয়াত মেজর সন্দীপ উন্নিকৃষ্ণনের স্মৃতিতে এক সাইক্লোথনের আয়োজন করে। মেজর উন্নিকৃষ্ণন ২৬/১১ –র মুম্বাই সন্ত্রাসবাদী হামলার সময় কর্মরত অবস্থায় শহীদ হন। জরায়ুর ক্যান্সার বিষয়ে সচেতনতা গড়ে তোলা এবং ফিট ইন্ডিয়া বা স্বস্থ ভারত কর্মসূচীর প্রচারের লক্ষ্যে এই সাইক্লোথনের আয়োজন করা হয়। এছাড়া, জাতীয় নিরাপত্তা রক্ষীবাহিনী, NSG-র প্রতিষ্ঠা দিবস উপলক্ষেও আজ দু'শো ৫০ জনের বেশী পেশাদার সাইক্লিষ্ট এই কর্মসূচীতে যোগ দেন।

---------------------

ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপের ম্যাচে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। বিশাখাপত্তনমের এসিএ - ভিডিসিএ ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর তিনটেয়। ভারত ৩ ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় তৃতীয় স্থানে রয়েছে। ভারত প্রথম ম্যাচে শ্রীলঙ্কা, দ্বিতীয় ম্যাচে পাকিস্তানকে হারানোর পর, তৃতীয় ম্যাচে দক্ষিণ আফ্রিকার কাছে পরাজিত হয়েছে। অন্যদিকে, টুর্নামেন্টে অপরাজিত অস্ট্রেলিয়া ৩ ম্যাচে ৫ পয়েন্ট সংগ্রহ করে লিগ তালিকায় শীর্ষস্থানে রয়েছে।

--------------------- ---------------------